

শ্রীমঙ্গল উপজেলা পরিষদের যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক কমিটির জুলাই-আগস্ট/২৩ সভার কার্যবিবরণীঃ

তারিখ : ২৭/০৭/২৩ ইং।

সময় : ১২.৩০ মিনিট।

সভার স্থানঃ সভাপতির অফিস কক্ষ, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভাপতি : মোহাম্মদ লিটন আহমেদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভায় উপস্থিত সদস্য বৃন্দের স্বাক্ষরের ক্রমানুসারে নামের তালিকা পরিশিষ্ট “ক” তে দ্রষ্টব্য।


সভাপতি উপস্থিত সদস্য বৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন পরিবর্তন বা সংশোধনী না থাকায় দৃষ্টীকরণ করা হয়। অতঃপর সভাপতি অত্র কমিটির সদস্য সচিব কে সভার বিষয় বস্তু সম্পর্কে আলোচনার জন্য অনুরোধ জানান। উপজেলা প্রকৌশলী সভায় বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করেন। যা নিম্নে বিস্তারিত উল্লেখ করা হলো।

০১। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা :

উপজেলা প্রকৌশলী, শ্রীমঙ্গল, মৌলভীবাজার সভায় জানান যে, অত্র উপজেলায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়নমূলক কাজ চলমান আছে। পরে সভাপতি মহোদয় চলমান কাজ সম্পর্কে খোঁজ খবর নেন ও সন্তোষ প্রকাশ করেন এবং চলমান উন্নয়নমূলক কাজ গুলো সফলতার সাথে সম্পাদনের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আর্কষণ করেন।

০২। বিবিধ :

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোহাম্মদ লিটন আহমেদ)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক কমিটি  
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।